গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬

**বিষয় : জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মুহম্মদ হিরুজ্জামান এনডিসি, মহাপরিচালক (অতিরিক্ত সচিব গ্রেড ১) |
| তারিখ ও সময় | : | ১৬/০৭/২০২৬, সকাল ১০:০০টা |
| সভার স্থান | : | সভাকক্ষ (কক্ষ নম্বর-৩৪০), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক-তে দেওয়া হয়েছে। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর উপপরিচালক (প্রশাসন) জনাব মো: হেমায়েত আকবর টিপু-কে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ০৮ জুলাই ২০২৬ তারিখের ১৫.০০.০০০০.০০০.০১৫.১৬.০০০২.২৫(অংশ).২২৬ নম্বর স্মারক এর কার্যবিবরণী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ করা হলে তিনি তা পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

**সভায় বিস্তারিত আলোচনা-পর্যালোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :**

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ উপলক্ষ্যে মিলাদ ও দোয়া অনুষ্ঠান | জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ পালন উপলক্ষ্যে মিলাদ ও দোয়া মাহফিল আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। মহাপরিচালক মহোদয় বলেন, সুনির্দিষ্ট তারিখ নির্ধারণপূর্বক মিলাদ ও দোয়া মাহফিল আয়োজন করা এবং তথ্য সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা মহোদয় এবং অন্যান্য দপ্তর প্রধানদের আমন্ত্রণ জানানোর বিষয়ে আলোচনা হয়। | জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ পালন উপলক্ষ্যে সুনির্দিষ্ট তারিখ নির্ধারণপূর্বক মিলাদ ও দোয়া মাহফিল আয়োজন এবং অতিথিদের আমন্ত্রণ জানানো হবে। | জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ উদযাপন কমিটি |
| ২. | আলোচনা সভা/সেমিনার আয়োজন | জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ উপলক্ষ্যে আলোচনা সভা/সেমিনার আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। মহাপরিচালক মহোদয় বলেন "জাতীয় জীবনে জুলাইয়ের গুরুত্ব ও তাৎপর্যঃ গণমাধ্যমের ভূমিকা" শীর্ষক আলোচনা সভা/সেমিনার আয়োজন করা যেতে পারে। | "জাতীয় জীবনে জুলাইয়ের গুরুত্ব ও তাৎপর্যঃ গণমাধ্যমের ভূমিকা" শীর্ষক আলোচনা সভা/সেমিনার আয়োজন করা হবে। ইনস্টিটিউটের কর্মকর্তা ও কর্মচারীগণ এতে অংশগ্রহণ করবেন। | জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ উদযাপন কমিটি |
| ৩. | জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ উদযাপন কমিটি | জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ উদযাপন কমিটির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে অতিরিক্ত মহাপরিচালক-কে সভাপতি করে ১০ (দশ) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করার জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন। | জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ উদযাপন কমিটি (নিচের সারণি ও ToR দ্রষ্টব্য) | জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ উদযাপন কমিটি |

জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ উদযাপন কমিটি

| ক্রম | পদবি | অর্পিত দায়িত্ব |
|---|---|---|
| ১. | অতিরিক্ত মহাপরিচালক | সভাপতি |
| ২. | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) | সদস্য |
| ৩. | পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) | সদস্য |
| ৪. | পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) | সদস্য |
| ৫. | উপপরিচালক (প্রশাসন) | সদস্য |
| ৬. | উপপরিচালক (চলচ্চিত্র প্রশিক্ষণ) | সদস্য |
| ৭. | উপপরিচালক (গবেষণা) | সদস্য |
| ৮. | সহকারী পরিচালক (বেতার অনুষ্ঠান প্রশি.) | সদস্য |
| ৯. | সহকারী পরিচালক (গণযোগাযোগ প্রশি.) | সদস্য |
| ১০. | সহকারী গ্রন্থাগারিক | সদস্যসচিব |

**ToR:**

(i) যথাযোগ্য মর্যাদায় জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ এর কার্যক্রম গ্রহণ, সুপারিশ প্রণয়ন ও বাস্তবায়ন করবেন

(ii) দোয়া অনুষ্ঠান, আলোচনা সভা/সেমিনার এর তারিখ নির্ধারণ, আপ্যায়ন ব্যবস্থাপনা, অতিথিদের আমন্ত্রণ সংক্রান্ত বিষয়াদি চূড়ান্ত করবেন।

(iii) এই কমিটিকে সকল কর্মকর্তা-কর্মচারী সার্বিক সহযোগিতা করবেন।



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | বিবিধ | জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ সরকার কর্তৃক নির্ধারিত 'ক' শ্রেণিভুক্ত জাতীয় দিবস হওয়ায় অন্যান্য জাতীয় দিবসের ন্যায় অগ্রাধিকার ও যথাযোগ্য মর্যাদার সাথে পালন করতে হবে। | 'ক' শ্রেণির জাতীয় দিবসের মর্যাদায় জুলাইয়ের চেতনা সমুন্নত রেখে এ বিষয়ে কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকতে হবে। | ইনস্টিটিউটের সকল কর্মকর্তা ও কর্মচারী |

২। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা:

মুহম্মদ হিরুজ্জামান এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব গ্রেড ১)
ফোন: ৫৫০৭৯৪২৮

নম্বর: ১৫.৫৫.০০০০.৩০১.৪৪.১৬৫.১৯. ১২২৬ (৮৫)

তারিখ: ০৫ শ্রাবণ ১৪৩৩ / ২০ জুলাই ২০২৬

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সকল কর্মকর্তা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
৩. সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (সভার কার্যবিবরণী এ ইনস্টিটেউটের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৪. মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
৫. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।

২০/৭/২৬
(মো: আবু মুসা সরকার)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫০৭৯৪৫৪



CamScanner